# কৃষি বিষয়ক সেবার তালিকা

১.সকল শ্রেণির কৃষক/ উদ্যোক্তাগণকে কৃষি বিষয়ক পরামর্শ প্রদান ।

২. প্রকল্প / রাজস্ব কার্যক্রমের আওতায় প্রযুক্তিভিত্তিক প্রদর্শনী স্থাপন ।

৩. কৃষি উৎপাদন পরিকল্পণা প্রণয়ন ।

৪ প্রকল্প ভিত্তিক কৃষক প্রশিক্ষণ প্রদান ও কৃষকদের সচতেনতা বৃদ্ধিকরণ ।

৫. ফসল উৎপাদন পরিকল্পণা প্রণয়ন ।

৬ . উন্নয়ন সহায়তার মাধ্যমে কৃষি যন্ত্রপাতি বিতরণ ।

৭. উদ্যান নার্সারী রেজিস্ট্রেশন ।

৮. বালাইনাশক রেজিস্ট্রেশন, ডিলার নিবন্ধন ও নবায়ন।

৯.সার ডিলারশীপ নবায়ন।

১০. অন লাইন সার সুপারিশ প্রদান।

১১. কৃষি প্রণোদনা ও পূণর্বাসন  কার্যক্রম বাস্তবায়ন ।

১২.এ্যাপস এবং মোবাইলের মাধ্যমে কৃষি সেবা প্রদান।

১৩.কৃষি আবহাওয়া ও আগাম সতর্কীকরণ এবং পূর্বাভাস প্রদান।

১৪. কৃষি বিষয়ক উৎপাদন প্রযুক্তি, সার ও সেচ ব্যবস্থাপণা।

১৫.কৃষি জমির মাটি পরীক্ষা ও সার সুপারিশ।

১৬. ফসলের ক্ষতিকর রোগ পোকা সনাক্তকরণ ও সমাধান ।

১৭. সার, বালাইনাশক ও পিজিআর বাজার মনিটরিং এবং মান নিয়ন্ত্রণ ।

১৮ দেশি বিদেশি ফলের উন্নত জাতের মানসম্পন্ন চারা কলম উৎপাদন ও বিতরণ।

১৯ সরকারি ধান, চাল , গম ও আলু সংগ্রহে সহায়তা প্রদান ।

২০. কৃষিপণ্য আমদানি ও রপ্তানিতে সংগনিরোধ কার্যক্রম ও ফাইটো স্যানিটারি কার্যক্রম পরিচালনা করা ।

২১. কৃষি প্রশিক্ষন ইনষ্টিটিউটের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ( ডিপ্লোমা কৃষিবিদ ) ও ইন্টার্নশীপে সহায়তা।

২২. বাজার সংযোগ স্থাপন ( মার্কেট লিংকেজ )।

২৩. প্রাকৃকিত দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষক ও ফসলহানির প্রতিবেদন ।

২৪ .শস্য কর্তন ও ফলন নিরুপনে পরিসংখ্যান বিভাগের সাথে সমন্বয় সাধন ।

২৫. গবেষণাগার ও আন্ত:মন্ত্রণালয় সংস্থার সাথে সমন্বয় সাধন ।

২৬. বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদন তৈরি ও প্রেরণ।

২৭। মান সম্মত বীজ উৎপাদনে সহায়তা করার প্রসেস ম্যাপ

২৮। জেলা পর্যায়ে প্রশিক্ষণ এর জন্য মনোনয়ন প্রদান

২৯। কৃষি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সহায়তা

৩০। কৃষিতে ভর্তুকি ও উৎপাদনে সহায়তা প্রদান

৩১। মাটির স্বাস্থ্য সংরক্ষণ কার্যক্রমে সহায়তা।

৩২। সমন্বিত বালাই ব্যবস্হাপনা কার্যক্রমে সহায়তা।

৩৩। ফসলের উৎপাদন পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ।

৩৪। মৌসুমভিত্তিক ও বাৎসরিক কর্মপ্রিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

৩৫। বীজ ও সারসহ সকল কৃষি উপকরনের চাহিদা নিরুপন।

৩৬। বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নির্ধারণ।

৩৭। জলবায়ুর ঝুকি ব্যবস্থাপনায় কর্মকৌশল নির্ধারণ ও বাস্তবায়ন।

৩৮। কৃষি সম্প্রসারণ সংশ্লিষ্ট সকল সরকারি –বেসরকারি ও অন্যান্য প্রতিষ্টানের সাথে সমন্বয় সাধন।

৩৯। ক্রপ জোনিং, সমালয়ে চাষে সহযোগিতা।

৪০। অতন্দ্র জরিপ ও আগাম সতর্কীকরণ কার্যক্রম বাস্তবায়ন।

৪১। সার ও বালাইনাশকের মান নিয়ন্ত্রনের জন্য নমূনা পরীক্ষা কার্যক্রম পরিচালনা করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।

৪২। GAP উৎসাহিতকরণ ও বাস্তবায়নে কৃষককে সহায়তা প্রদাণ।

- কৃষকের তথ্য চাহিদা নিরুপণ নিশ্চিত করা।
- মান সম্মত সম্প্রসারণ কর্মসূচি তৈরী করা।
- কৃষক এবং কারিগরী ষ্টাফদের জন্য প্রশিক্ষণ সামগ্রী তৈরী করা।

- ব্লক পর্যায়ে যে সব সমস্যা ডিএই সমাধান করতে পারছে না তা টিএইসিসি এর মাধ্যমে অন্যান্য সহযোগী সংস্থাকে অথবা জেলার বিশেষজ্ঞদের জানানো।
- কৃষি উপকরণ সরবরাহকারী, কৃষি পণ্যের বাজারজাতকারীসহ উপজেলা পর্যায়ে কৃষক সমিতি ও অন্যান্য সংস্থার সাথে যোগসূত্র রক্ষা করা।
- শস্য বহুমুখীকরণ, সম্প্রসারণ পদ্ধতি, উপকরণ ও ঋণ সরবরাহ এবং কৃষকদের মধ্যে প্রযুক্তি হস্তান্তর ইত্যাদি বিষয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের উন্নতমানের পরামর্শ দেয়া।
- মাঠ পর্যায়ে বিবিধ অনুষ্ঠানে ( যেমন-চাষী র‍্যালি, মাঠ দিবস, উদ্বুদ্ধকরণ ভ্রমণ) উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের সহায়তা দান করা।
- উপজেলা পর্যায়ের সম্প্রসারণ কর্মকান্ড (যেমন- কৃষি মেলা, কৃষক প্রশিক্ষণ) পরিকল্পনা ও বাস্তবায়ন করা।
- টিএইসিসি এর মাধ্যমে অন্যান্য সম্প্রসারণ সেবা দানকারীদের সংগে সম্পর্ক ও কাজের সমন্বয় করা।
- উপজেলা পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠান ও পরিচালনা করা।
- ষ্টাফদের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ ও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া।
- পাক্ষিক উপজেলা প্রশিক্ষণ দিবস পরিকল্পনা ও আয়োজন করা।
- পাক্ষিক কর্মসূচি ব্যবস্থাপনা পর্যালোচনা সভা ও মাঠ পরিদর্শনের মাধ্যমে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের কাজকর্ম পরিবীক্ষণ নিশ্চিত করা।
- উপজেলা পর্যায়ে সেমস ও ক্যাপ ব্যবস্থাপনা ও সমন্বয় করা।
- ডিইপিসি এবং অন্যান্য সভায় অন্তত একজন উর্দ্ধতন কর্মকর্তার যোগদান নিশ্চিত করা।
- উপজেলার বাজেট ব্যবস্থাপনা এবং সময়মতো হিসাব নিকাশ নিশ্চিত করা।
- উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের কাছ থেকে জরুরী আপৎকালীন তথ্যসহ অন্যান্য তথ্য সংগ্রহ এবং তা যথাযথ ফরমে

জেলা, অঞ্চল বা সদর দপ্তরে প্রেরণ করা।